

দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ যাকাত পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

যাকাতের পরিচয়

আভিধানিক অর্থ : الطهارة والنماء والبركة والمدح অর্থাৎ পবিত্রতা, ক্রমবৃদ্ধি, আধিক্য ও প্রশংসা। উল্লিখিত সব কয়টি অর্থই কুরআন ও হাদীছে উদ্ধৃত হয়েছে।

পারিভাষিক অর্থ : ইসলামী শরী আত কর্তৃক নির্ধারিত নিছাব পরিমাণ মালের নির্দিষ্ট অংশ নির্দিষ্ট খাতে ব্যয় করার নাম যাকাত।[1]

কুরআন ও হাদীছের অনেক স্থানে 'যাকাত'-কে 'ছাদাকাহ' নামে অভিহিত করা হয়েছে। কুরআন মাজীদের ৮ টি মাক্কী ও ২২টি মাদানী সূরার ৩০টি আয়াতে 'যাকাত' শব্দটি উল্লিখিত হয়েছে। এর মধ্যে ২৭টি আয়াতে 'ছালাত'- এর সাথেই 'যাকাত' শব্দ এসেছে।

ফুটনোট

[1]. ফিরুহুল মুয়াস্পার ১২১ পৃঃ।

𝚱 Source — https://www.hadithbd.com/books/link/?id=3257

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন